

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৯৪২২

তারিখঃ ০২ মে ২০২৩ খ্রিস্টাব্দ
১৯ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ

বিষয়: 'শেখ রাসেল পদক - ২০২৩' এর জন্য আবেদন আহবান।

- সূত্র: i) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৩৩.২৩-৩৫২, তারিখ: ১০ এপ্রিল ২০২৩
ii) বাংলাদেশ গেজেট কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত প্রজ্ঞাপন, তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৩

শিশু থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাঘত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। উক্ত দিবস উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে 'শেখ রাসেল পদক - ২০২৩' প্রদান করার জন্য অনলাইনে আবেদনপত্র আহবান করা হয়েছে।

পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ:

- (১) শিক্ষা, (২) বিজ্ঞান ও প্রযুক্তি, (৩) ক্রীড়া, (৪) প্রতিভাবান বিশেষ চাহিদাসম্পন্ন শিশু-কিশোর, (৫) শিল্পকলা ও সংস্কৃতি, (৬) ক্ষুদে প্রোগ্রামার, (৭) ক্ষুদে উদ্ভাবক, (৮) ক্ষুদে লেখক

সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহে ২০২০, ২০২১ ও ২০২২ এই তিন বছরে আঞ্চলিক/জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ের কোনো প্রতিযোগিতায় পুরস্কার বা ভালো ফলাফল লাভ করেছে, অথবা উল্লেখযোগ্য দক্ষতা বা অভিজ্ঞতা সম্পন্ন, অথবা গুরুত্বপূর্ণ কোনো পদক্ষেপ/কার্যক্রম/অবদান রেখেছে, অথবা গুরুত্বপূর্ণ কিছু আবিষ্কার বা উদ্ভাবন করেছে, অথবা সৃজনশীল কোনো প্রকাশনা রয়েছে- এমন শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। [বিস্তারিত জানার জন্য বাংলাদেশ গেজেট কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত 'শেখ রাসেল পদক নীতিমালা - ২০২২' শীর্ষক প্রজ্ঞাপন দ্রষ্টব্য।]

আবেদনের নিয়মাবলী ও শর্তাবলী:

১। 'www.sheikhrussel.gov.bd' ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে।

https://award.sheikhrussel.gov.bd/ ওয়েবসাইটে নিবন্ধন ও লগ-ইন করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

২। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণক আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

৩। আবেদন দাখিলের ক্ষেত্রে 'শেখ রাসেল পদক নীতিমালা - ২০২২' অনুসরণ করতে হবে।

আবেদন দাখিলের সময়: ১৫ এপ্রিল ২০২৩ - ২০ মে ২০২৩

নির্দেশনা:

১। আত্রহী শিক্ষার্থীগণকে উপরে বর্ণিত নিয়ম ও সময়সীমা অনুযায়ী নিজ নিজ কাজক্ষিত বিষয়ে অনলাইনে আবেদন সম্পন্ন করবে।

২। নিম্নেবর্ণিত দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহে যোগ্য ও পারদর্শী শিক্ষার্থীগণের আবেদন করার বিষয়টি নিশ্চিত করবেন:

- (১) শিক্ষা [সম্মানিত শ্রেণিশিক্ষক ও সমন্বয়কারীবন্দ], (২) বিজ্ঞান ও প্রযুক্তি [মোঃ আসাদুল আলম], (৩) ক্রীড়া [সুবোল কুমার ঘোষ, মোসাঃ হাসিনা খাতুন], (৫) শিল্পকলা ও সংস্কৃতি [সঞ্জয় কবিরাজ, স্মিতা দাস তুলি], (৬) ক্ষুদে প্রোগ্রামার [মুকুল কুমার সরকার, মোজাম্মেল হক], (৭) ক্ষুদে উদ্ভাবক [মোঃ আসাদুল আলম, সহকারী অধ্যাপক], (৮) ক্ষুদে লেখক [মোঃ আলাউদ্দীন মণ্ডল]

স্বাক্ষরিত/

জহুরা বেগম

অধ্যক্ষ